# AKASHVANI(AIR)
# RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 26-07-2026** **Time: 7.50 PM**

---

**বিশেষ বিশেষ খবরঃ**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশের বয়নশিল্পীরা তাদের কৌশল ও সৃজনশীলতার মাধ্যমে ভোকাল ফর লোকালের ধারণাকে আরও মজবুত করছে।

আকাশবাণীতে মন-কি-বাতে ১৩৬ তম পর্বে আজ তিনি, প্লাস্টিকের পুনর্ব্যবহারের ওপর জোর দিয়েছেন।

২) স্বাধীনতা দিবস উদযাপনের অঙ্গ হিসাবে রাজ্যজুড়ে আগামী ৯ থেকে ১৭ অগস্ট 'হর ঘর তিরঙ্গা' কর্মসূচি পালিত হবে।

৩) ২৭ তম কার্গিল বিজয় দিবসে আজ নানা অনুষ্ঠানে দেশের বীর সেনাদের স্মরণ করা হচ্ছে।

৪) পরীক্ষা ও পদ্ধতির আমুল সংস্কারের লক্ষ্যে বিশেষ টাস্ক ফোর্স গঠন করা হয়েছে বলে প্রধানমন্ত্রী সমাজমাধ্যমে জানিয়েছেন।

৫) বিদ্যালয় ছাত্রছাত্রীদের জন্য এবার বায়োমেট্রিক হাজিরা ব্যবস্থা চালু করার পরিকল্পনা রাজ্য সরকারের।

৬) কলকাতা মেট্রোর ব্লু এবং গ্রীণ লাইনে আগামীকাল থেকে সকাল ৬-টায় প্রথম পরিষেবা শুরু হচ্ছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশের বয়নশিল্পীরা তাদের কৌশল ও সৃজনশীলতার মাধ্যমে ভোকাল ফর লোকালের ধারণাকে আরও মজবুত করছে। আকাশবাণীতে মন-কি-বাতে ১৩৬ তম পর্বে আজ তিনি বলেন, দেশের চিরাচরিত পরম্পরাকে তাঁতীরা এগিয়ে নিয়ে চলেছেন। ভারতের সাংস্কৃতিক ঐতিহ্যকেও সযত্নে লালন করছেন তারা।

প্রধানমন্ত্রী বলেন, গত ১২ বছরে খাদির বিক্রি ৬ গুণ বেড়েছে। এই অঙ্ক বর্তমানে ৮ হাজার কোটি টাকার কাছাকাছি পৌঁছে গেছে। আসন্ন উৎসবের মরশুমে খাদি বা হ্যান্ডলুম উৎপাদিত পণ্য ব্যবহারের জন্য সকলের প্রতি আবেদন জানান নশ্রী মোদী।

বাইট খাদি

এবার গণেশ পুজোয় প্লাস্টার অফ প্যারিসের বদলে দেশের মাটি দিয়ে তৈরি মূর্তির পুজোর জন্য তিনি আহ্বান জানান।

প্রধানমন্ত্রী বলেন, চৌঠা জুলাই থেকে দেশজুড়ে বৃষ্টির জল সংরক্ষণে এক বিশেষ অভিযান শুরু হয়েছে। বৃষ্টির জল সঞ্চয়, জল সংরক্ষণে এবং বৃক্ষ রোপনের ক্ষেত্রে এক নতুন মাত্রা সংযোজিত করেছে। মজে যাওয়া পুকুর  সংস্কার কোরে এখন গ্রাম ও শহরের মানুষ নতুন উদ্যমে কাজ করছে।

প্লাস্টিক দূষণ বর্তমানে গোটা বিশ্বের কাছেই এক বড় চ্যালেঞ্জ বলে উল্লেখ করে শ্রী মোদী জানান, একবার ব্যবহার যোগ্য প্লাস্টিক প্রকৃতির জন্য মারাত্মক ক্ষতিকর। এ প্রসঙ্গে তিনি রিসাইকেল করা প্লাস্টিকের বেঞ্চের কথা তুলে ধরেন। প্রধানমন্ত্রী বলেন, রিডিউস, রি-ইউজ এবং রিসাইকেল বর্তমানে মানুষের জীবনের গুরুত্বপূর্ণ অঙ্গ হয়ে উঠছে।

কার্গিল বিজয় দিবসে আজ বীর যোদ্ধদের অসীম সাহসরে কথা মন কি বাতে স্মরণ করেন প্রধানমন্ত্রী। এ প্রসঙ্গে তিনি শৌর্য বিজয় যাত্রার প্রসঙ্গ উল্লেখ করেন।

বাইট কার্গিল

চলতি বছরও হর ঘর তিরঙ্গার বাস্তবায়নে সার্বিক প্রয়াস চালানো হবে বলে শ্রী মোদী জানান।

-------------------

আজকের স্পটলাইট-এ শুনবেন প্রধানমন্ত্রীর মন কি বাত নিয়ে বিশেষ অনুষ্ঠান। আমরা কথা বলেছি বিভিন্ন মানুষের সঙ্গে তাদের মতামত জানতে। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটা ৩০ মিনিটে সঞ্চয়িতা প্রচার তরঙ্গে। আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এটি পাওয়া যাবে।

-------------------

স্বাধীনতা দিবস উদযাপনের অঙ্গ হিসাবে পশ্চিমবঙ্গ সরকার আগামী ৯ থেকে ১৭ অগস্ট রাজ্যজুড়ে ‘হর ঘর তিরঙ্গা’ কর্মসূচির আয়োজন করছে। এর আওতায় জেলা থেকে ব্লক স্তর পর্যন্ত তিরঙ্গা মিছিল, প্রভাত ফেরি, সাইকেল র‍্যালি, দেশাত্মবোধক সাংস্কৃতিক অনুষ্ঠান, কুইজ, প্রবন্ধ ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, সরকারি ভবন ও গুরুত্বপূর্ণ স্থানে বিশেষ আলোকসজ্জা এবং রঙ্গোলির ব্যবস্থা করতে হবে। পাশাপাশি সরকারি দফতর ও শিক্ষা প্রতিষ্ঠানে সমবেতভাবে ‘বন্দে মাতরম্’ স্তোত্র গাওয়া এবং সাধারণ মানুষকে জাতীয় পতাকা উত্তোলনে উৎসাহিত করার কথাও বলা হয়েছে।

-------------------

২৭ তম কারগিল বিজয় দিবসে আজ নানা অনুষ্ঠানে দেশের বীর সেনাদের স্মরণ করা হচ্ছে। কলকাতায় আজ এই উপলক্ষে এক অনুষ্ঠানে বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য কারগিল যুদ্ধের শহীদ ক্যাপ্টেন কনাদ ভট্টাচার্য সহ অন্য সৈনিকদের উদ্দেশ্যে শ্রদ্ধা জানান। তিনি বলেন, প্রকাশ্যে ভারত বিরোধী স্লোগান দিলে বা মন্তব্য করলে পুলিশ প্রশাসনকে কঠোর ব্যবস্থা নিতে হবে। তিনি অভিযোগ করেন, পশ্চিমবঙ্গে আবার নতুন করে মৌলবাদ জেগে উঠছে। এই চক্রান্তের বিরুদ্ধে আন্দোলনকে আরো শক্তিশালী করে তুলতে হবে।

-------------------

ছোট শিল্পোদ্যোগ সফল হলে কর্ম সংস্থান বৃদ্ধি পাবে এবং অর্থনীতিও মজবুত হবে বলে রাজ্যের অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত মত ব্যক্ত করেছেন। কলকাতায় আজ NITI Aayog-এবং অটল ইনোভেশন মিশন এর সহায়তায় রাজ্যের প্রথম অটল ইনকিউবেশন সেন্টার 'AIC Techno'-র উদ্বোধন করেন তিনি। অর্থমন্ত্রী বলেন, নতুন উদ্যোক্তাদের স্বপ্ন পুরনে যে সমস্ত সংস্থা, প্রশিক্ষণ ও পরামর্শ দানে এগিয়ে আসবে তাদের রাজ্য সরকার সবরকমের সহযোগিতা করবে।

অনুষ্ঠানে উপস্থিত নীতি আয়োগের ভাইস চেয়ারম্যান ড: অশোক লাহিড়ি বলেন, নতুন স্টার্ট আপ তৈরির ক্ষেত্রে কেন্দ্র ও রাজ্যের মিলিত উদ্যোগ উন্নয়নের নতুন দিশা দেখাবে।

-------------------

পরীক্ষা পদ্ধতির আমূল সংস্কারের লক্ষ্যে একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন বিশেষ টাস্ক ফোর্স গঠন করা হয়েছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন। সমাজ মাধ্যমে আজ এক ভিডিও বার্তায় তিনি বলেন, এই টাস্ক ফোর্সের কাজ হবে, সর্বাধুনিক প্রযুক্তির

ব্যবহার করে পরীক্ষা ব্যবস্থাকে সম্পূর্ণ ত্রুটি মুক্ত করার উপায় নির্দিষ্ট করা। এই বিশেষ টাস্ক ফোর্সের নেতৃত্বে রয়েছেন বিশ্বখ্যাত প্রযুক্তিবিদ নন্দন নীলেকার্নি।

বাইট

শ্রী মোদী আরো বলেন, আগামীকাল কেন্দ্রীয় সরকার পরীক্ষা ব্যবস্থা ত্রুটি নির্মূল করা প্রশ্ন ফাঁস রোধে কঠোর একটি আইন আনছে।

এদিকে প্রহ্লাদ যোশী আজ কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী হিসাবে দায়িত্বভার গ্রহণ করেছেন। ক্রেতা সুরক্ষা, খাদ্য ও গণবন্টন এবং নতুন ও পুনর্নবীকরণযোগ্য শক্তি মন্ত্রকের দায়িত্ব পালন করার পাশাপাশি শ্রী যোশী শিক্ষামন্ত্রীর দায়িত্বও পালন করবেন।

-------------------

পরীক্ষার প্রশ্নফাঁস রুখতে কেন্দ্রীয় সরকার আগামীকাল লোকসভায় পাবলিক এক্সামিনেশনস প্রিভেনশন অব আনফেয়ার মিন্স সংশোধনী বিল ২০২৬ পেশ করতে চলেছে। কেন্দ্রীয় মন্ত্রী ডক্টর জিতেন্দ্র সিং, বিলটি সভায় উত্থাপন করবেন।

এদিকে, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এই বিল পেশ প্রসঙ্গে বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সর্বদাই এই বিষয়ে জিরো টলারেন্স নীতি নিয়েছে। নিট প্রশ্নপত্র ফাঁসের প্রতিবাদে আন্দোলনকারী পড়ুয়া তথা সমগ্র দেশবাসীর তাঁর ওপর আস্থা রয়েছে। দ্রুত ন্যয়বিচার নিশ্চিত করার লক্ষ্যে প্রধানমন্ত্রী ফাস্ট ট্র্যাক কোর্ট গঠনের সিদ্ধান্তকেও স্বাগত জানান তিনি।

-------------------

নিট কান্ডের প্রতিবাদে ধর্মতলার মিছিলে বিশৃঙ্খলার ঘটনার সঙ্গে প্রকৃত আন্দোলনকারীদের কেউ জড়িত ছিলেন না বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ফের জানিয়েছেন। পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে আজ সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, সাংবাদিকদের ওপর বর্বরোচিত আক্রমণ এবং অশান্তি সৃষ্টির ঘটনায় যারা যুক্ত, তাদের কাউকেই রেয়াত করা হবে না, কলকাতা পুলিশ কমিশনার তাঁকে সমস্ত তথ্য পাঠিয়েছেন।

বাইট শুভেন্দু

-------------------

স্কুলের ছাত্রছাত্রীদের জন্য এবার বায়োমেট্রিক হাজিরা ব্যবস্থা চালু করার পরিকল্পনা নিয়েছে রাজ্য সরকার। স্কুল শিক্ষামন্ত্রী দীপক বর্মন আজ বলেন, আগামী শিক্ষাবর্ষ থেকেই ফেস রিকগনিশন বায়োমেট্রিক হাজিরা বিদ্যালয়গুলিতে চালু করার চেষ্টা চলছে। এর ফলে ছাত্রছাত্রীদের স্কুলে উপস্থিতির হার বাড়বে। তেমনি মিড ডে মিল সহ অন্যান্য বিষয়ে স্বচ্ছতা বজায় থাকবে বলে মন্ত্রী জানান।

বাইট দীপক বর্মন

-------------------

কলকাতা মেট্রোর ব্লু এবং গ্রীণ লাইনে আগামীকাল থেকে সকাল ৬-টায় প্রথম পরিষেবা শুরু হচ্ছে । মেট্রোর তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, দক্ষিণেশ্বর থেকে শহীদ ক্ষুদিরাম শেষ পরিষেবা রাত ১০ টা ৩ মিনিটে, দক্ষিণেশ্বর থেকে মহানায়ক উত্তম কুমারের শেষ ট্রেন পাওয়া যাবে ১০ টা ১৮ মিনিটে। দমদম থেকে মহানায়ক উত্তম কুমার পর্যন্ত শেষ পরিষেবা পাওয়া যাবে রাত সাড়ে ১০ টায়।

অন্যদিকে, গ্রীন লাইনে হাওড়া ময়দান থেকে সেক্টর ফাইভ পর্যন্ত রুটে শেষ পরিষেবা রাত সাড়ে ১০ টায় এবং সিটি সেন্টার থেকে হাওড়া ময়দান শেষ ট্রেন ১০ টা ৩৬ মিনিটে পাওয়া যাবে। **সোম থেকে শনিবার** পর্যন্ত এই পরিষেবা মিলবে।

-------------------

আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন চিত্র শিল্পী রথিন মিত্রর জন্মশতবার্ষিকী উপলক্ষে আজ ভারতীয় যাদুঘরে এক বিশেষ চিত্র প্রদর্শনী ও শিল্পীর জীবন সমৃদ্ধ একটি গ্রন্থ প্রকাশিত হয়। উপস্থিত ছিলেন বিশিষ্ট ভাস্কর প্রফেসর নিরঞ্জন প্রধান, যাদুঘরের অধিকর্তা ডঃ সায়ন ভট্টাচার্য, পশ্চিমবঙ্গ সরকারের প্রিন্সিপাল একাউন্ট জেনারেল অনিন্দ্য দাশগুপ্ত, রথিন মিত্রের দুই কন্যা রীণা মিত্র ও রত্না মিত্র প্রমুখ। রথিন মিত্র ছিলেন বিশ শতকের দ্বিতীয়ার্ধের প্রবাদপ্রতিম বাঙালি চিত্রশিল্পী।

-------------------

বৈজ্ঞানিক গবেষণা এবং মানব কল্যাণে মরণোত্তর দেহ দান, চক্ষুদান এবং রক্তদান একটি সামাজিক দায়িত্ব। এই ভাবনা কে গুরুত্ব দিয়ে আজ কলকাতার নিউ আলিপুরে চিরন্তন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা এবং এলাকার সমাজকর্মীরা হাওড়া জেনারেল হাসপাতাল এবং একটি স্বেচ্ছাসেবী সংগঠনের সহায়তায় বিশেষ শিবিরের আয়োজন করে। সেখানে আজ প্রায় ৪০ জন রক্তদান এবং ১৫ জনের মত দেহদানের অঙ্গীকার করেন।

-------------------

পশ্চিমবঙ্গ এবং সংলগ্ন উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরের ওপর অবস্থিত নিম্নচাপটি আজ সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হয়েছে এবং উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও সংলগ্ন ওড়িশা পশ্চিমবঙ্গ উপকূলের ওপর অবস্থান করছে। আজকের মধ্যেই এটি গভীর নিম্নচাপে

পরিণত হয়ে আগামী ২৪ ঘণ্টায় পারাদ্বীপ ও সাগরের মধ্য দিয়ে স্থলভাগে প্রবেশ করবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাভাস। এর প্রভাবে আগামী মঙ্গলবার পর্যন্ত দক্ষিণবঙ্গে ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে। আগামী ২৪ ঘন্টায় উপকূলীয় জেলা পূর্ব মেদিনীপুর এবং দক্ষিণ ২৪ পরগনায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির কমলা সর্তকতা জারি করা হয়েছে। সঙ্গে থাকতে পারে ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া। আগামীকালও পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রাম জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির কমলা সর্তকতা রয়েছে।

উত্তরবঙ্গেও আগামী ২৪ ঘন্টায় দার্জিলিং জলপাইগুড়ি এবং কালিম্পং জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির হলুদ সর্তকতা রয়েছে।

------------------- -------------------